ইয়ে. পেরোভা

শজারুর দস্তানা





ইয়েকাতেরিনা সেরোভা

শজারুর দস্তানা



যাদের লেজটি ইয়াবড়ো তাদের নিয়ে ছড়া

প্রগতি প্রকাশন · মস্কো



ধনী কে?



ধনিক ভেবে গর্ব বড়ো গন্ধমূষিকের
মাটির নিচে অগুনতি যে ঘর আছে তার ঢের।
সেখানে নেইকো বলো কী:
রসুইখানা, ডাইনিং,
বেডরুম আর ড্রয়িং,
এ সব ছাড়াও লাইব্রেরী!

আস্তানাহীন খরগোশ এক
লাফিয়ে খেলে ঘাসের মেঝে':
'ধনী আমি তোর চেয়ে, দ্যাখ্,
আমার আছে সূয্যিমামা যে!'

ধাঁধা

জন্তুটি কী বল্‌ দেখি ভাই,
নিজেকে সে গুটিয়ে নিয়ে আছে সদাই?



শেয়ালনী


বলে সবাই, আমি পাঙাশ রং।
বলে সবাই, আমি বেশরম।
মুরগির ছা ধরে খাই,
বলে সবাই।
হংসছানা ধরে খাই,
বলে সবাই।




বললে কি হয় মোরগের পো —
বড়ো বাজে বকিস গো!

বলো তো কে?

ছড়িয়ে রয় চারপাশে মোর
হাজার কাঁটা তীক্ষ্ণবাণ!
আসে আসুক শত্রু ঘোর,
আলাপ সারি এটুখান।




‘এ-ই’, চেঁচিয়ে বলি নেকড়েকে,
‘চাস খেতে কি মোর কাঁটা রে?’





নেকড়ে কয় হাস্যমুখে:
‘ধন্যবাদ, নেই ক্ষিধে যে!’



শজারুর দস্তানা

শজারুর ছা চমৎকার!
কিচ্ছুটি নেই অবাক হবার:





শজারু-মা ধরে আছে
আঁকড়ে তাদের দস্তানাতে!





হরিণের নিমন্ত্রণ



হরিণ-বাড়ি দাওয়াত খেতে
শিয়াল যায় ভোরবেলাতে।
কাণ্ড বটে বলিহারি:
খেতে দিলো চচ্চড়ি
তাও সে কেবল ঝাউপাতারই!



ইঁদুরের ডানা



ইঁদুর কয় গর্বভরে
খেতে বসে টেবিল 'পরে:
'আমার যদি থাকতো ডানা
হতাম ঠিক ঈগলছানা!'

যখন বিধি দিলেন ডানা...
তাকিয়ে দেখো কী হলো যে —
বদলে গিয়ে ঈগলছানা
হয়ে যে গেল চামচিকে সে!



নেকড়ের ছা





নেকড়ের ছা খেলছে পাঁচ —
দুরন্ত!
ঝুলছে তাদের ভীষণ দাঁত,
ছুটন্ত!



আক্রমণ হানছে নখের —
শব্দ নাই;
সব সময়ে কেবল ওদের
কুস্তি চাই।


উঃ, কী বিশ্রী এ জানোয়ার!
অসভ্য!
এমন জন্তু বাপু আমার
অসহ্য!





খরগোশের সাথে আলাপ


‘খরগোশ মুই বেচারি,
পড়েছি ফাঁদে; কী করি!
মন খারাপ,
খালি পা,
কাঁপছি ভয়ে,
চোখ ট্যারা!’
খরগোশে কই আমরা ডেকে:
‘কথা তো শোন্ কান্না রেখে;



ধুত্তোর ছাই
পা খালি তো,
দুঃখ নাই
ট্যারচাচোখো,
হলেই বা ভাই
তুই খরগোশ
— ভালো কথা,

কিন্তু ভীতু — খারাপ কথা!’

শামুক বিবির বাড়ি



থাকেন গোল ঘুপচি ঘরে,
খোলা দরজা ভারি।
চেনা লোকেতে ভক্তি করে;
শামুক বিবির বাড়ি।

ছোট্টো মাছ দেখলে পরে
গালভরা সে হাসে,
শুঁড়টি নেড়ে আদর করে
কাছেতে যারা আসে।



কী সাংঘাতিক! শত্রু তার
আসছে কাছ —
এই ধরলো বলে চুপটিসার
চিংড়ি মাছ!

'আদাব, আদাব, শামুক বুড়ি,
চলুন বেড়াই হামাগুড়ি!'



'চুপ!'
শামুক বিবি ধমক দিলো।
ঝুপ!
খোলা দরজা বন্ধ হলো।





ছবি এঁকেছেন ব. কালাউশিন
মূল রুশ থেকে অনুবাদ: হায়াৎ মামুদ



С $\frac{70801\text{-}764}{014\,(01)\text{-}75}$ без объявл.

Е. Серова
ЕЖОВЫ РУКАВИЦЫ

На языке бенгали

Перевод сделан по книге:
Е. Серова. Ежовы рукавицы.
Л. Изд. «Детская литература», 1971.